

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 26.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) ভারতের সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বছর স্মরণে আজ থেকে শুরু হচ্ছে বছরব্যাপী উদযাপন।

এই উপলক্ষ্যে আজ রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হবে।

২) এবার থেকে প্যান কার্ডে QR কোড যুক্ত হবে। অর্থ বিষয়ক কেন্দ্রীয় কমিটি গতকাল প্যান-টু প্রকল্পে অনুমোদন দিয়েছে।

৩) উপ-নির্বাচনের জন্য যেসব জেলায় আবাস যোজনার সমীক্ষার কাজ স্থগিত ছিল, গতকাল থেকে আবার তা শুরু হয়েছে।

৪) রাজ্যের সব বে-আইনী বালি ও পাথর খাদান অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিয়েছেন মুখ্য সচিব মনোজ পন্থ।

৫) দলকে আরও দায়িত্বশীল করতে তৃণমূল কংগ্রেস তিনটি শৃঙ্খলারক্ষা কমিটি গঠন করেছে।

৬) রাজকোটে সৈয়দ মুস্তাক আলি ট্রফির টি-টোয়েন্টি ক্রিকেটে বাংলা ৮ উইকেটে হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

ভারতের সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বছর স্মরণে আজ থেকে শুরু হচ্ছে বছরব্যাপী উদযাপন। চলবে ২০২৫-এর ২৬-শে নভেম্বর পর্যন্ত। ১৯৪৯ সালের আজকের দিনে ভারতের গণ পরিষদে সংবিধান গৃহীত হয়েছিল। যা কার্যকর হয়েছিল ১৯৫০-এর ২৬-শে জানুয়ারী। এই উপলক্ষে আজ সংসদের সেন্ট্রাল হলে একটি জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংসদের উভয় কক্ষের সদস্যদের সামনে ভাষণ দেবেন।

এই উপলক্ষ্যে আজ রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, দেশে নানা ভাবে সংবিধান লঙ্ঘনের ঘটনা ঘটছে। সেই প্রবণতা নিয়ে উদ্বেগ প্রকাশ করে দুদিন ধরে বিধানসভায় ওই প্রস্তাবের ওপর আলোচনা হবে, বিধানসভার সব সদস্যকে এই আলোচনায় অংশগ্রহণ করতে অনুরোধ করেছেন অধ্যক্ষ। আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে দ্বিতীয় দিনের আলোচনায় অংশ নেবেন বলে জানা গেছে।

দিনটি উপলক্ষে প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে, ডক্টর বি আর আম্বেদকর এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের পাশাপাশি ময়দানে আম্বেদকরের মূর্তির পাদদেশেও এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সাংবিধানিক অধিকার রক্ষার দাবি কে সামনে রেখে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সহ অন্য নেতৃবৃন্দ আজ দুপুরে কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পাঁচ মাথার মোড় পর্যন্ত এক পদযাত্রায় অংশ নেবেন।

এই উপলক্ষে গতকালই পুরুলিয়ার নিস্তারিনী মহিলা মহাবিদ্যালয়ে দু-দিনের বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক সৈকত সরকার জানিয়েছেন, আজও একাধিক অনুষ্ঠান ও আলোচনাসভার আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন গতকাল শুরু হয়েছে। সাম্প্রতিক কালে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণ এবং নীরবতা পালনের পর অধিবেশন দিনের মতো মূলতুবি হয়ে যায়। রতন টাটা, মনোজ মিত্র, উৎপলেন্দু

চক্রবর্তী, হাফিজ আলম সৈরানী সহ সম্প্রতি প্রয়াত ব্যক্তিদের উদ্দেশে শোক প্রস্তাব পাঠ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। সংবিধান দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ বিধানসভায় সংবিধান রক্ষার গুরুত্ব সংক্রান্ত একটি প্রস্তাব আসতে চলেছে। আজ আগামীকাল ওই প্রস্তাবের ওপর আলোচনায় সরকার ও বিরোধী পক্ষের সদস্যরা অংশ নেবেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও প্রথম দিনের আলোচনায় যোগ দেবেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

সংবিধান দিবস উপলক্ষ্যে শুনবেন বিশেষ আলোচনা “সংবিধান দিবস ও তার তাৎপর্য”। আলোচনায় অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক কাকলী সেনগুপ্ত। সঞ্চালনায় কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই আলোচনা শুনবেন আজ রাত ৯ টায় গীতাঞ্জলি, ১০৭ এফ এম প্রচার তরঙ্গ ও ডি টি এইচ বাংলা পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সদ্য সমাপ্ত ছয় বিধানসভার উপনির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণ নিয়ে তৎপরতা শুরু হয়েছে। দ্রুত বিধায়কদের শপথ করানোর অনুরোধ জানিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় রাজ্যপাল সিভি আনন্দ বোসকে চিঠি দিচ্ছেন। চিঠিতে রাজ্যপালকে দ্রুত তাঁর সুবিধামতো দিনে বিধানসভায় এসে ছয় বিধায়ককে শপথবাক্য পাঠ করানোর জন্য অনুরোধ জানানো হচ্ছে বলে বিধানসভা সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

অর্থ বিষয়ক কেন্দ্রীয় কেবিনেট কমিটি আয়কর দপ্তরের প্যান ২ প্রকল্পে অনুমোদন দিয়েছে। এর জন্য খরচ হবে ১হাজার ৪৩৫ কোটি টাকা। গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় ক্যাবিনেট

কমিটির বৈঠকের পর তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, এই প্রকল্পের আওতায় বর্তমান ব্যবস্থার সম্পূর্ণ আধুনিকীকরণ হবে এবং এর জন্য একটি স্বতন্ত্র পোর্টাল থাকবে। এ বার থেকে প্যান কার্ডে কিউআর কোড যুক্ত হবে। কিউআর কোড থাকার ফলে আয়করদাতাদের আর্থিক লেনদেন অনেক সহজ এবং স্বচ্ছ হয়ে উঠবে। পাশাপাশি, উন্নত মানের এবং দ্রুত পরিষেবা পাওয়া যাবে। ব্যক্তিগত তথ্য এবং অ্যাকাউন্ট সুরক্ষিত থাকবে।

(বাইট - অশ্বিনী)

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের আনা ওয়াকফ সংশোধনী বিলের প্রতিবাদে বিধানসভায় বিল আনা ছাড়াও এক সমাবেশ আয়োজন করার জন্য তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলকে নির্দেশ দেওয়া হয়েছে। দলনেত্রী মমতা ব্যানার্জির নির্দেশে ৩০-শে নভেম্বর কলকাতার রানি রাসমনি অ্যাভিনিউয়ে এই জনসভার আয়োজন করেছেন সেলের চেয়ারম্যান তথা ইটাহারের বিধায়ক মোশারফ হোসেন। ওই সভায় মেয়র ফিরহাদ হাকিম, লোকসভায় তৃণমূলের মুখ্যসচেতক কল্যাণ বন্দ্যোপাধ্যায় বক্তব্য রাখবেন। মোশারফ বলেন, অগণতান্ত্রিকতা ওয়াকফের সম্পত্তি দখল করতে দেওয়া হবে না।

এদিকে, বিজেপি ওয়াকফ বিল নিয়ে রাজ্য সরকারের এই আন্দোলনের সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল বিধানসভার বাইরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, ওয়াকফ বিলের বিষয়টি যৌথ সংসদীয় কমিটির বিবেচনাধীন। তাই কমিটির রিপোর্ট দেওয়ার আগে এবিষয়ে কারোর মন্তব্য করা উচিত নয়।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ একদিনের জন্য উত্তর চব্বিশ পরগনা যাবেন। নৈহাটি পৌঁছে সেখানে বড়মাখ্যাত কালী মন্দির দর্শন করে পূজো দেবেন। সদ্য সমাপ্ত উপনির্বাচনে জয়ী, দলের বিধায়ক সনৎ দে, পার্থ ভৌমিক এবং ব্রাত্য বসু তাঁর সঙ্গে

থাকবেন। মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে ওই এলাকায় ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। সন্ধ্যায় তিনি কলকাতায় ফিরবেন।

০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খন্ড মুক্তি মোর্চার নেতা হেমন্ত সোরেনের সেরাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী বৃহস্পতিবার রাঁচি যাবেন। ওই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য হেমন্ত সোরেন নিজেই ফোন করে মমতা ব্যানার্জীকে আমন্ত্রণ জানান। মুখ্যমন্ত্রী সেই আবেদন গ্রহণ করেছেন বলে নবান্ন সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, আগামী বৃহস্পতিবার ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হিসেবে ফের একবার শপথ নিতে চলেছেন, জে এম এম নেতা হেমন্ত সোরেন।

০০০০০০০০০০০০০০০০০০

আই এন ডি আই এ জোটের বৈঠকে তৃণমূল কংগ্রেসের অনুপস্থিতি নিয়ে কংগ্রেসের কটাক্ষের প্রেক্ষিতে, তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ বলেন বিজেপির নানা বিষয় নিয়ে বিরোধিতা তার দলই করে থাকে। বিজেপি বিরোধী আন্দোলন - ও সংসদের ভেতর ও বাইরে জনমত গঠন সহ নানা ব্যাপারে তৃণমূল কংগ্রেস অগ্রণী ভূমিকা পালন করে। কোনো একটি বৈঠকে দলের কেউ না থাকলে সেই নিয়ে কোনো রকম মন্তব্য অপ্রয়োজনীয় বলে জানান কুণাল।

০০০০০০০০০০০০০০০০০০

উপ-নির্বাচনের জন্য যেসব জেলায় আবাস যোজনার সমীক্ষার কাজ স্থগিত ছিল, গতকাল থেকে আবার তা শুরু হয়েছে। সারা রাজ্যে চূড়ান্তপর্বে সমীক্ষার কাজ শেষ হওয়ার পর রিপোর্ট জমা পড়লেও উপ-নির্বাচনের জন্য পাঁচ জেলায় এই কাজ বন্ধ রাখতে হয়েছিল। মুখ্যমন্ত্রী ১৫ থেকে ৩০-শে ডিসেম্বরের মধ্যে যোগ্য আবেদনকারীদের

অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার নির্দেশ দিয়েছেন। অন্য জেলার মতো এই পাঁচ জেলার মানুষরা যাতে সঠিক সময়ে টাকা পান সেদিকে লক্ষ্য রাখতে বলা হয়েছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরে প্রধানমন্ত্রী আবাস যোজনার জন্য মোট ৩ লক্ষ ৮ হাজার ৪৬৪-টি আবেদন জমা পড়েছে। গতকাল থেকেই শুরু হয়েছে সমীক্ষার কাজ। ১৩-শোটি সমীক্ষক দল ৩০ হাজার বাড়ি ঘুরে এই কাজ করবে। জেলাশাসক খুরশিদ আলি কাদেরি জানিয়েছেন, ঘাটালে বন্যা এবং দানা দুর্যোগের প্রভাবে যাদের বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, আবেদন করলে তাদের নামও তালিকাভুক্ত হবে। সম্পূর্ণ প্রক্রিয়াটি ৫-ই ডিসেম্বরের মধ্যে শেষ করা হবে বলেও তিনি জানান।

অন্যদিকে, বাংলা শস্য বীমা যোজনায় এই জেলাতে ৭ লক্ষ ৫২ হাজারের কিছু বেশি আবেদন খরিপ শস্যের জন্য জমা পড়েছে। কয়েক দিনের মধ্যেই আলু সহ রবিশস্যের জন্য আবেদন জমা দেওয়ার কাজ শুরু হবে বলেও শ্রী কাদেরী জানান।

০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের মাথাভাঙ্গা ২ ব্লকের রুই ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের ডাউয়াগুরি গ্রাম এলাকায় আবাস যোজনার ঘরের সার্ভে করতে গিয়ে এক সরকারি আধিকারিককে হেনস্থার অভিযোগ উঠেছে এক পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে। অভিযোগ। জানা গিয়েছে, রেভিনিউ অফিসার শান্তনু মজুমদার ঐ এলাকায় আবাস যোজনার ঘরের সার্ভে করতে যান ২ জন গ্রাম পঞ্চায়েত কর্মীকে নিয়ে। অভিযোগ স্থানীয় পঞ্চায়েত সদস্য মনিরুল হক সার্ভে চলাকালীন কর্তব্য রত কর্মীদের জানান আগে তিনি যে জায়গার কথা বলছেন সেখান থেকেই সার্ভে করতে হবে সার্ভে অফিসার জানান সব বাড়িতেই সার্ভে হবে। কিন্তু তা মানতে রাজি হননি মনিরুল বাবু। এই নিয়ে শুরু হয় বচসা এমনকি চেয়ার তুলে মারতে যান মনিরুল হক বলে অভিযোগ জানান কর্তব্যরত অফিসার। বিষয়টি বিডিওকে জানালে, তিনি ঘটনাস্থলে ছুটে আসেন এবং ঘোকসাডাঙ্গা থানার পুলিশ অভিযুক্ত মনিরুল হককে আটক করে থানায় নিয়ে যান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সব বেআইনি বালি ও পাথর খাদান অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিলেন মুখ্যসচিব মনোজ পন্থ। গতকাল সব জেলাশাসক ও পুলিশ সুপারকে এই নির্দেশ দেন মুখ্যসচিব। নদী থেকে বেআইনি ভাবে বালি তোলার ফলে বাঁধের ক্ষতি হচ্ছে। নদীর ওপর থাকা সেতুর পিলারও কমজোরি হয়ে পড়ছে। সেতুর আয়ু কমে যাচ্ছে। এই সব ক্ষতি ঠেকাতে কড়া ব্যবস্থা নিতে চান মুখ্যসচিব। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বেশ কয়েকবার বেআইনি বালি খাদান বন্ধ করতে নির্দেশ দেন। সেই নির্দেশ মতোই এদিন মুখ্যসচিব জেলা প্রশাসনকে কড়া বার্তা দিলেন। কী ব্যবস্থা নেওয়া হল, কতটা কাজ হয়েছে তা ৭ দিনের মধ্যে রিপোর্ট দিয়ে জানাতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দলকে আরও দায়িত্বশীল করতে তৃণমূল কংগ্রেস তিনটি শৃঙ্খলারক্ষা কমিটি গঠন করেছে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে গতকাল কালীঘাটে তার বাসভবনে আয়োজিত জাতীয় কর্মসমিতির বৈঠকের পর চন্দ্রিমা ভট্টাচার্য সাংবাদিকদের বলেন সুদীপ বন্দ্যোপাধ্যায়, শোভনদেব চট্টোপাধ্যায় এবং সুব্রত বক্সীর নেতৃত্বে সংসদ, বিধানসভা ও দলীয় স্তরে তিনটি শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করা হয়েছে।

(বাইট - চন্দ্রিমা)

এখন থেকে দল বিরোধী কোন কাজ করলে দলের সদস্যদের সর্বাধিক তিনটি কারণ দর্শানোর নোটিশ জারি করা হবে, এর পরেও কোন সন্তোষজনক উত্তর না এলে তাকে দল থেকে বহিষ্কার করা হবে বলেও তিনি জানান।

এছাড়াও জাতীয় ও রাজ্যস্তরে সংবাদমাধ্যমের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলার জন্য মুখপাত্রদের নাম নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। এই বিষয়ে সবার সঙ্গে সমন্বয় রক্ষা করার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে অরূপ বিশ্বাসকে। কর্মসমিতির নতুন সদস্য হিসাবে যোগ দিয়েছেন, বিমান বন্দ্যোপাধ্যায়, মানস ভুঁইয়া, মালা রায়, কল্যাণ বন্দ্যোপাধ্যায় ও জাভেদ খান।

এরফলে সমিতির মোট সদস্য সংখ্যা বেড়ে হল সাতাশ।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ প্রমোটার সন্ত গঙ্গোপাধ্যায়কে গতকাল সি বি আই গ্রেফতার করেছে। অযোগ্য প্রার্থীদের টাকার বিনিময়ে চাকরি পাইয়ে দেওয়ার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। নিয়োগ দুর্নীতি মামলায় বর্তমানে জেল হেফাজতে থাকা কুন্তল ঘোষ ও অননয়শীল মারফত চাকরি বিক্রির প্রায় ২৬ কোটি টাকা সন্ত্রাস কাছে

পৌঁছেছিল বলে দাবি সিবিআই-এর আধিকারিকদের। আজ তাকে সিবিআই বিশেষ আদালতে পেশ করা হবে।

oooooooooooooooooooo

সব বেআইনি বালি ও পাথর খাদান অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিলেন মুখ্যসচিব মনোজ পন্থ। গতকাল সব জেলাশাসক ও পুলিশ সুপারকে এই নির্দেশ দেন মুখ্যসচিব। নদী থেকে বেআইনি ভাবে বালি তোলার ফলে বাঁধের ক্ষতি হচ্ছে। নদীর ওপর থাকা সেতুর পিলারও কমজোরি হয়ে পড়ছে। সেতুর আয়ু কমে যাচ্ছে। এই সব ক্ষতি ঠেকাতে কড়া ব্যবস্থা নিতে চান মুখ্যসচিব। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বেশ কয়েকবার বেআইনি বালি খাদান বন্ধ করতে নির্দেশ দেন। সেই নির্দেশ মতোই এদিন মুখ্যসচিব জেলা প্রশাসনকে কড়া বার্তা দিলেন। কী ব্যবস্থা নেওয়া হল, কতটা কাজ হয়েছে তা ৭ দিনের মধ্যে রিপোর্ট দিয়ে জানাতে বলা হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo